কুষ্টিয়াকে মাদকমুক্ত ও স্মার্ট শহর হিসেবে গড়ে তুলতে চাই –হানিফ

কুষ্টিয়াকে মাদকমুক্ত ও স্মার্ট শহর হিসেবে গড়ে তুলতে চাই- বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, উন্নয়ন ও শান্তির কুষ্টিয়া গড়া আমার লক্ষ্য ছিল। একসময় কুষ্টিয়া সন্ত্রাসী জনপদ এলাকা ছিল। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাদের কঠোরভাবে দমন করার চেষ্টা করেছি। তিনি বলেন, কুষ্টিয়াকে সকল দিক থেকে উন্নত ও আধুনিক জেলা হিসেবে গড়ে তুলবো এবং মাদকমুক্ত ও স্মার্ট শহর হিসেবে গড়ে তুলতে চাই।

গতকাল সোমবার বিকালে মিলপাড়া রেলগেট প্রাঙ্গনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগ আয়োজিত নির্বাচনী সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দেওয়ার আহবান জানিয়ে হানিফ আরও বলেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই। তাই দল-মত নির্বিশেষে ৭ জানুয়ারির নির্বাচনে নৌকায় ভোট দিন।

সভায় স্বাগত বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জাতীয় শ্রমিক কেন্দ্রের নির্বাহী সদস্য মোঃ আমজাদ আলী খান।

জেলা জাতীয় শ্রমিক লীগের সহ সভাপতি জিল্লুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব সদর উদ্দিন খান, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, জেলা আওয়ামী লীগের যুগ্ন সাধারন সম্পাদক মেহেদী হাসান, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মমিনুর রহমান মমিজ, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক খন্দকার ইকবাল মাহমুদ, মহিলা সম্পাদিকা এ্যাড. শিলা বসু, নির্বাহী সদস্য হাবিবুল হক পুলক, কুষ্টিয়া সদর উপজেলা আ’লীগের সাধারণ সম্পাদক রেজাউল হক, শহর আওয়ামীলীগের সহ-

সভাপতি মিজানুর রহমান, ওয়ার্ড কাউন্সিলর আনিসুর রহমান আনছু, সংরক্ষিত মহিলা কাউন্সিলর রিনা নাসরীন প্রমুখ।

কুষ্টিয়ায় ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধনকালে মাহবুবউল আলম হানিফ

কুষ্টিয়াতে আগামীতে আরও যেন উন্নয়ন হয় এবং আরও বেশি মর্যাদা পায় তার ব্যবস্থা করবো বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, উন্নয়ন ও শান্তির কুষ্টিয়া গড়া আমার লক্ষ্য ছিল। একসময় কুষ্টিয়া সন্ত্রাসী জনপদ এলাকা ছিল। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাদের কঠোরভাবে দমন করার চেষ্টা করেছি। তিনি বলেন, কুষ্টিয়াকে সকল দিক থেকে উন্নত ও আধুনিক জেলা হিসেবে গড়ে তুলতে চাই।

কুষ্টিয়ার উন্নয়নে আমি তৃপ্ত নয় উল্লেখ করে তিনি বলেন, দেশের কাজ করছি, কুষ্টিয়ার জন্য কাজ করছি। আমি আরও বেশি বেশি এই কুষ্টিয়া উন্নয়নের কাজ করতে চাই। কুষ্টিয়ার উন্নয়নে অতীতে যেভাবে কাজ করেছি, নির্বাচিত হলে ইনশাআল্লাহ এই এলাকার উন্নয়নে যা যা প্রয়োজন তা করবো- এই প্রতিশ্রুতি দিচ্ছি বলেও জানান তিনি।

গতকাল সোমবার সন্ধ্যায় দেশের অন্যতম রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধন উপলক্ষে কুষ্টিয়া শহরের কাটাইখানা মোড়ের ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

হানিফ বলেন, জেলার মানুষের দীর্ঘদিনের স্বপ্ন ছিল কুষ্টিয়া মেডিকেল কলেজ, বাইপাস সড়ক। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর ফার্স্ট প্রায়োরিটি দিয়ে এসব কাজ করেছি। কুষ্টিয়ায় মেডিকেল

কলেজ, বাইপাস সড়ক, শেখ রাসেল সেতু হয়েছে। স্টেডিয়ামের কাজ শেষ পর্যায়ে আছে। আরো অনেক কাজ করেছি। এরপরও আরো কাজ বাকি, এখনও করতে পারিনি। তিনি আরও বলেন, আজ ‘স্বপ্ন’র আউটলেট উদ্বোধনের মধ্য দিয়ে এই কুষ্টিয়াবাসীর স্বপ্ন পুরন হলো। আগামীতে আরও যেন উন্নয়ন হয় এবং এ ধরনের স্বপ্নের মতো এই কুষ্টিয়ায় আরও বড় বড় কোম্পানীর আউটলেট/ডিপার্টমেন্টাল ষ্টোর এগিয়ে আসলে এ জেলার মান মর্যাদা বৃদ্ধি পাবে।
দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দেওয়ার আহবান জানিয়ে হানিফ আরও বলেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই। তাই দল-মত নির্বিশেষে ৭ জানুয়ারির নির্বাচনে নৌকায় ভোট দিন।

পরে তিনি ফিতা কেটে দেশের অন্যতম রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধন করেন।

রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট এর ফ্র্যাঞ্চাইজি এবং জেলা আওয়ামীলীগের কোষাধ্যক্ষ অজয় সুরেকার সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, কুষ্টিয়া প্রেসক্লাব (কেপিসি)’র সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, বাংলাদেশ ছাত্র লীগের সহ-সভাপতি বাধন, বিশিষ্ট ব্যবসায়ী বিশ্বনাথ সাহা বিশু, স্বপ্নের জোনাল ম্যানেজার রাসেল আল মামুন, ম্যানেজার সাব্বির হোসেনসহ আওয়ামীলীগ নেতৃবৃন্দ ও ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট এর ফ্র্যাঞ্চাইজি এবং জেলা আওয়ামীলীগের কোষাধ্যক্ষ অজয় সুরেকা জানান, ‘আমরা আশা করছি স্বাস্থ্যসম্মত এবং নিরাপদ পরিবেশে এখানের সব গ্রাহক স্বপ্নতে নিয়মিত বাজার করবেন। গ্রাহকের চাহিদা ও সন্তুষ্টিকে সবসময় অগ্রাধিকার দেয় স্বপ্ন।’

দেশী বিদেশী যে কোন অশুভ শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের : ইনু

বিদেশী বিভিন্ন ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলা করবো বলে জানিয়েছেন জাতীয় সমাজতান্ত্রীক দল-জাসদ সভাপতি, কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে ১৪ দলের নৌকা প্রতীকের প্রার্থী হাসানুল হক ইনু।

তিনি বলেন, জনগনের রায় নিয়ে আগামী ৫ বছরে শেখ হাসিনার নেতৃত্বে এই সরকারই দেশকে স্মার্ট এবং সুশাসনের বাংলাদেশ বাংলাদেশ হিসেবে গড়ে তুলবে। দেশী বিদেশী যে কোন অশুভ শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের।

রবিবার সকালে হাসানুল হক ইনু কুষ্টিয়ার মিরপুর বাজার থেকে গণসংযোগ শুরুর আগে সাংবাদিকদের এসব কথা বলেন।

তিনি বলেন, আমি আওয়ামীলীগের প্রার্থী, জাসদের প্রার্থী। আবার আমি ওয়ার্কাস পাটর্◌ির প্রার্থী এবং সবচেয়ে বড় কথা হলো আমি জোটনেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার মনোনীত প্রার্থী। এই প্রার্থীর কাজ হচ্ছে যে কোন মুল্যে শান্তি বজায় রেখে মাস্তানমুক্ত এবং সন্ত্রসামুক্ত নির্বাচন অনুষ্ঠান করা। তাদের ভুমিকা রাখা এবং রাষ্ট্রীয় পর্যায়ে সাম্প্রদায়ীক জঙ্গীবাদী বিএনপি চক্রকে ক্ষমতার বাইরে রাখতে ভুমিকা রাখা। এই যে কাজটা, এই কাজ নৌকার প্রাথী হিসেবে আমাকে করতে হবে। এবং শেখ হাসিনার নির্দেশে রাজনৈতিক শান্তি একদিকে বজায় রাখবো, উন্নয়নের ধারা অব্যহত রাখবো।

তিনি আরও বলেন, ১৪ দলীয় জোটের প্রার্থী হিসেবে এখানে (মিরপুর-ভেড়ামারা) আমি নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করছি। ১৪ দলের নেত্রী শেখ হাসিনার পরিষ্কার নির্দেশ হচ্ছে ১৪ দলের শরীক দলকে নৌকার প্রতীকের প্রার্থীকে বিজয়ী করা। সেই নির্দেশনা অনুযায়ী আওয়ামীলীগ ও অঙ্গসহযোগী সংগঠনেসহ জাসদের নেতাকর্মীরা নির্বাচনে অংশ নিতে হবে।

মিরপুর পৌর আ’লীগের সভাপতি পৌরসভার মেয়র এনামুল হককে সাথে নিয়ে

মানুষের কাছে নৌকায় ভোট প্রার্থনা করেন।

যারা নির্বাচন আটকাতে পারছে না তারা নির্বাচনের পর সরকারকেও টলাতে পারবে না : হানিফ

‘নির্বাচনের পর সরকারকে বেকায়দায় ফেলার ক্ষমতা কারোর নেই’ বলে মন্তব্য করেছেন বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মাহবুব-উল আলম হানিফ।

তিনি বলেন, যারা নির্বাচন আটকাতে পারছে না তারা নির্বাচনের পর সরকারকেও টলাতে পারবে না। এইসব মোকাবেলা করার সক্ষমতা আওয়ামী লীগ সরকারের আছে।

রবিবার (২৪ ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়ার হরিনারায়ণপুর ইউনিয়নে নির্বাচনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

হানিফ বলেন, বিএনপি-জামায়াত তাদের রাজনৈতিক আদর্শের কারণে নির্বাচনে আসেনি। তাদের রাজনীতির উদ্দেশ্য যদি দেশের উন্নয়নের জন্য, জনকল্যাণে হয় তাহলে এই নির্বাচন দল-মত নির্বিশেষে সবাই সমর্থন করুন।

আওয়ামী লীগের এই নেতা আরও বলেন, মানুষের কাছে উন্নয়ন-অগ্রগতির পাশাপাশি দরকার শান্তি। একসময় এই কুষ্টিয়া সন্ত্রাসী জনপদ এলাকা ছিল। আমার লক্ষ্য ছিল উন্নয়নের পাশাপাশি কুষ্টিয়া থেকে সন্ত্রাস নির্মূল করা। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাদের কঠোরভাবে দমন করার চেষ্টা করেছি।

কুষ্টিয়ার উন্নয়নে আমি তৃপ্ত নয় উল্লেখ করে তিনি বলেন, দেশের কাজ করছি, কুষ্টিয়ার জন্য কাজ করছি। আমি আরও বেশি বেশি এই কুষ্টিয়া উন্নয়নের কাজ করতে চাই। কুষ্টিয়ার উন্নয়নে অতীতে যেভাবে কাজ করেছি, নির্বাচিত হলে ইনশাআল্লাহ এই এলাকার উন্নয়নে যা যা প্রয়োজন তা করবো- এই প্রতিশ্রুতি দিচ্ছি বলেও জানান তিনি।

এসময় জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজগর আলীসহ দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে বিএনপি একদিন জনগণের মন থেকে মুছে যাবে: হানিফ

সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে বিএনপি একদিন জনগণের মন থেকে মুছে যাবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়া সদর উপজেলার আলামপুর-ভাদালিয়া বাজারে নির্বাচনী পথসভায় যোগ দিয়ে বিএনপির আন্দোলন প্রসঙ্গে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, যখন কোন রাজনীতিক দলের প্রতি সাধারণ জনগণের সমর্থন থাকে, সেই দলটি কখনোই সন্ত্রাসীর পথ বেছে নেবে না। বিএনপি সন্ত্রাসীর পথ বেছে নেয়ার কারণেই জনবিচ্ছিন্ন, তাদের জনগণের সমর্থন নাই। জনগণের সমর্থন যেখানে থাকে না সেই দলের কোন কর্মসূচিই সফলতা লাভ করে না।

তিনি আরও বলেন, বিএনপি-জামায়াত তাদের রাজনৈতিক আদর্শের কারণে নির্বাচনে আসেনি। তাদের রাজনীতির উদ্দেশ্য যদি দেশের উন্নয়নের জন্য, জনকল্যাণে হয় তাহলে এই নির্বাচন দল-মত নির্বিশেষে সবাই সমর্থন করুন। দেশের কাজ করছি, কুষ্টিয়ার জন্য কাজ করছি। নির্বাচনে আপনারা নেই কিন্তু সমর্থন তো করতে পারেন। সবাই সমাজে যদি মিলেমিশে এক থাকতে পারেন। তাহলে কেন সবাই মিলেমিশে ভোট দিতে পারবেন না?

তিনি বলেন, আওয়ামী লীগের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক থাকায় সাংগঠনিক কারণে দেশের বিভিন্ন জায়গায় যেতে হয়। তারপরও আমি আমার দায়িত্ব পালন করার চেষ্টা করেছি। আমি যখন সংসদ সদস্য হয়েছিলাম

তখন কুষ্টিয়া অনেক পিছিয়ে পড়া জেলা ছিল। বাংলাদেশে শেখ হাসিনার নেতৃত্বে চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী, সিলেটসহ অন্যান্য জেলা দ্রুত এগিয়ে গেছে। আমরা পিছিয়ে ছিলাম কারণ যারা সংসদ সদস্য, মন্ত্রী ছিলেন তারা হয়ত সেভাবে গুরুত্ব দিতে পারেননি। আমি কুষ্টিয়াকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। আমার চেষ্টা ছিল কিন্তু পরিপূর্ণভাবে পারিনি।

নৌকা মার্কায় ভোট দেওয়ার আহবান জানিয়ে তিনি বলেন, শান্তি ও উন্নয়ন-অগ্রগতির কুষ্টিয়া গড়ার জন্য কাজ করছি। আগামী দিনের উন্নত কুষ্টিয়া গড়ার প্রত্যয়ে সকলে ঐক্যবদ্ধ হয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিবেন- এই প্রত্যাশা করি।

এসময় কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আসগর আলীসহ জেলা আওয়ামী লীগ ও স্থানীয় আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।

অংশগ্রহণমূলক, অবাধ-সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হবে: ইসি আহসান হাবিব

খুলনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত নির্বাচন কমিশনার (ইসি) বিগ্রেডিয়ার জেনারেল (অব.) আহসান হাবিব খান বলেছেন অংশগ্রহণমূলক, অবাধ-সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হবে।

তিনি বলেন, ভোটাররা নির্বিঘ্নে ভোট কেন্দ্রে যাবে এবং ভোট প্রদান করবে, সেই পরিবেশ সৃষ্টির দায়িত্ব আমাদের। যেখানে ঝামেলা আছে সেগুলো সমাধান করা হবে। প্রয়োজনে সেনাবাহিনী কাজ করবে এবং টহল দেবে। অংশগ্রহণমূলক, অবাধ-সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হবে। কেউ ঝামেলা করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। অসদাচরণের জন্য প্রার্থিতা বাতিল হতে পারে বলেও জানান তিনি।

আজ মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনী কর্মকর্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তা, গোয়েন্দা কর্মকর্তা ও প্রার্থীদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

নির্বাচন কমিশনার বলেন, নির্বাচন কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে, অনিয়ম করলে ছাড় নয়। ভোটকেন্দ্রের বাইরে কেউ ঝামেলা করলে পুলিশ অ্যাকশন নেবে। বিশৃঙ্খলা করার সুযোগ নেই, সেই সুযোগ আমরা দেব না। কোথাও অনিয়ম হলে সেই কেন্দ্রের ভোট বন্ধ হবে। তদন্ত সাপেক্ষে দায়িত্বরতদের সাসপেন্ড করা হবে, অ্যাকশন নেওয়া হবে। আমাদের কাছে কোনো ছাড় নেই। আমরা জিরো টলারেন্স মন্ত্রে বিশ্বাসী।

তিনি আরো বলেন, নতুন আইন করা হয়েছে, সাংবাদিকদের ক্যামেরা কেউ ভাঙচুর করলে দুই থেকে সাত বছরের জেল হবে। আমরা সাংবাদিকদের কার্যবান্ধব এবং সহযোগী হিসেবে রাখার জন্য সকল সুযোগ রেখেছি। সাংবাদিকরা স্বাধীনভাবে কাজ করবে। যখন ভোট গণনা হবে, সেটাও ভিডিও করতে পারবেন সাংবাদিকরা। এরচেয়ে বেশি স্বচ্ছতা কি হতে পারে। সাংবাদিক হিসেবে আপনারা সঠিক জিনিসটা প্রকাশ করেবেন। এতে নির্বাচন কর্মকর্তারা সচেতন ও সতর্ক হবে।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজার সভাপতিত্বে পুলিশ সুপার এএইচএম আবদুর রকীবসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কোনো জ্বালাও-পোড়াও করে নির্বাচন বানচাল করা যাবে ন: হানিফ

কোনো জ্বালাও-পোড়াও করে নির্বাচন বানচাল করা যাবে না বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, কোনো জ্বালাও-পোড়াও করে নির্বাচন বানচাল করা যাবে না। ২০১৩-১৪ সালে বিএনপি আন্দোলনের নামে যে সন্ত্রাসী কর্মকাণ্ড করেছিল তার খেসারত দিতে হয়েছে। বিগত দিনের মতো এবারও সন্ত্রাসী কর্মকাণ্ড করলে তাদের দলীয় নেতাকর্মীদের খেসারত দিতে হবে।

আজ সোমবার দুপুরে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে রেসিডেন্সিয়াল স্কুলের বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ ও পুরস্কার প্রদান অনুষ্ঠানে সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

নির্বাচনের নামে সরকার নাটক মঞ্চস্থ করতে যাচ্ছে বিএনপির এমন মন্তব্যের প্রেক্ষিতে মাহবুবউল আলম হানিফ বলেন, ভ্রান্ত রাজনীতির কারণে এখন তারা দিশেহারা। দিশেহারা কোনো ব্যক্তি বা গোষ্ঠী কী বলে না বলে সেটি আমলে নেয়ার কিছু নেই। নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন। বিএনপি নির্বাচনে অংশ না নিয়ে তারা দিশেহারা হয়ে পড়েছে।

স্মার্ট বাংলাদেশ গড়তে শেখ হাসিনার বিকল্প নেই উল্লেখ করে তিনি বলেন, ২০০৮ সালের ২৯ ডিসেম্বর নির্বাচনের আগে আওয়ামী লীগ ইশতেহারে ঘোষণা করেছিল রাষ্ট্রক্ষমতায় আসলে বাংলাদেশ হবে ডিজিটাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন হয়েছে। আমরা এখন স্মার্ট বাংলাদেশের দিকে এগিয়ে যাচ্ছি।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, স্মার্ট বাংলাদেশের প্রথম শর্ত প্রথম স্মার্ট নাগরিক সিটিজেন তৈরি করা। স্মার্ট ইকোনমি, স্মার্ট সরকার ও স্মার্ট সোসাইটি গড়ে তুলতে হবে। সবগুলো যখন করা সম্ভব হবে তখনই স্মার্ট বাংলাদেশ হবে।

শেখ হাসিনা দেশের মানুষের আস্থা ও বিশ্বাসের জায়গায় পরিণত হয়েছেন উল্লেখ করে আওয়ামী লীগের এই সিনিয়র নেতা বলেন, আজ দেশের মানুষের মাথাপিছু আয় ২৯০০ ডলার ছাড়িয়েছে। বিশ্বের বড় বড় অর্থনীতিবিদরা বলছেন উন্নয়নের এ ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ ২০৩১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হবে। ২০৪১ সালে উন্নত বাংলাদেশ হবে এবং এটাই আমাদের লক্ষ্য। শেখ হাসিনা কথা দিয়েছিলেন এবং তা পূরণও করেছেন।

আন্দোলনের নামে বিএনপি সন্ত্রাসী কর্মকাণ্ড করলে তাদের দলীয় নেতা কর্মীদের খেসারত দিতে হবে বলে হুঁশিয়ার করে আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, আওয়ামী লীগের শাসনামলে বাংলাদেশ

পৃথিবীতে নতুন পরিচিতি লাভ করেছে। যে দেশ একসময় ব্যর্থ রাষ্ট্র, দুর্নীতি, সন্ত্রাস ও জঙ্গিবাদের দেশ হিসেবে চিহ্নিত ছিল সেই দেশকে নতুন পরিচয় এনে দিয়েছেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। দূরদৃষ্টিসম্পন্ন শেখ হাসিনা ক্ষমতায় থাকায় এটি সম্ভব হয়েছে।

তিনি বলেন, আগামী ৭ জানুয়ারি যথারীতি নির্বাচন অনুষ্টিত হবে। নির্বাচনে জনগণের রায় নিয়েই শেখ হাসিনার নেতৃত্বে আবারও সরকার গঠন করে দেশের উন্নয়ন-অগ্রগতির ধারা অব্যাহত রাখবে।

ইমতিয়াজ সুলতানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সদস্য ব্যারিস্টার গৌরব চাকী, শিক্ষক মোহম্মদ হাসান জাহাঙ্গীর, শিক্ষক পরিতোষ কুমার দাস, ফারজানা আক্তার ও শাহাবুদ্দিন শেখ।

কুষ্টিয়াতে তরুণ উদ্যোক্তা ও ব্যবসায়ী বাবুর জন্মদিন পালন

কুষ্টিয়ার মডার্ন প্লাইউড এন্ড উড প্রসেসিং কোম্পানি লিমিটেড এর চেয়ারম্যান রোটারীয়ান আকরাম হোসেন বাবুর শুভ জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়েছে।

আজ শুক্রবার রাতে শহরের খেয়া রেঁস্তারায় রোটারী ক্লাব অব কুষ্টিয়ার সাপ্তাহিক মিটিং শেষে এক আড়ম্বরপুর্ণ অনুষ্ঠানে কেক কাটা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসরেন সংসদ সদস্য কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব-উল আলম হানিফ।

রোটারী ক্লাব অব কুষ্টিয়ার গভর্নর এর এডভাইজার রোটাঃ অজয় সুরেকা, এসিস্ট্যান্ট গভর্নর রোটাঃ কাজী আলো, ক্লাবের সভাপতি এ্যাডঃ মোসাদ্দেক আলী মনিসহ ক্লাবের সদস্যরা ও শুভাকাঙ্খীরা উপস্থিত ছিলেন।

ব্যবসায়ী এ তরুণ উদ্যোক্তা আকরাম হোসেন বাবু রোটারি ক্লাব ও কুষ্টিয়া ক্লাব সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে সম্পৃক্ত। পাশাপাশি মানবকল্যাণে তিনি অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে নিজেকে মেলে ধরেন এবং সবসময় তাদের পাশে সাধ্যমত সাহায্য সহযোগিতার হাত বাড়িয়ে দেন।

মানুষের কর্মসংস্থানের লক্ষ্যে তিনি গড়ে তুলেছেন কুষ্টিয়ার মিরপুর উপজেলার চার মাইল বিভাগ এলাকায় মডার্ন প্লাইউড এন্ড উড প্রসেসিং লি: নামক একটি বৃহৎ প্রতিষ্ঠান। সততার সাথে ব্যবসা পরিচালনা করে তিনি নিজেকে আজও প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছেন। এই প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য নাম্বার ওয়ান হিসেবে সারা দেশে সমাদৃত। সরকারের রাজস্ব খাতে নিয়মিত ভ্যাট দেওয়ার জন্য তিনি সেরা ভ্যাটদাতার পুরস্কারে ভূষিত হয়েছেন।

মহান বিজয় দিবস উপলক্ষে কুষ্টিয়ায় শুটিং প্রতিযোগিতা

মহান বিজয় দিবস উপলক্ষে কুষ্টিয়ায় শু্যটিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৫ ডিসেম্বর) সকালে কুষ্টিয়া রাইফেল ক্লাবের আয়োজনে এ শু্যটিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

শুটিং প্রতিযোগিতায় বীর মুক্তিযোদ্ধাসহ নারী, পুরুষ শু্যটাররা অংশ নেয়। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন জেলা প্রশাসক ও রাইফেল ক্লাবের সভাপতি মো: এহেতেশাম রেজা।

রাইফেল ক্লাবের সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদক রেজানুর রহমান খান চৌধুরী মুকুলের সভাপতিত্বে এসময় ক্লাবের যুগ্ম সম্পাদক এসএম কাদেরী শাকিল, মিজানুর রহমান লাকী, নির্বাহী সদস্য জহুরুল হক রনজু, সায়মা আক্তার রিতা, কোষাধ্যক্ষ ও কোচ হাফিজুর রহমান ডলারসহ রাইফেল ক্লাবের সদস্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার খোকসাতে দুইপক্ষের সংঘর্ষ: আহত-৭

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কেন্দ্র করে কুষ্টিয়ার খোকসায় দুই পক্ষের সংঘর্ষে কমপক্ষে ৭জন আহত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে খোকসা উপজেলার আমবাড়িয়া ইউনিয়নের ধোকড়াকোল কলেজ মোড়ে সংসদ নির্বাচন কেন্দ্র করে নৌকা সমর্থক ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের মধ্যে কথা কাটাকাটির একপর্যায়ে দেশীয় অস্ত্র নিয়ে দুই পক্ষই সংঘর্ষে লিপ্ত হয়।

উক্ত সংঘর্ষে স্বতন্ত্র প্রার্থীর পক্ষের আহত ব্যক্তিরা হলেন, ধোকড়া কোল গ্রামের মৃত কাজেম আলীর ছেলে মো. রবিউল ইসলাম (৫০)। মৃত জামাল হোসেনের ছেলে মো. জিকু হোসেন (৩২) জালাল হোসেনের ছেলে বিল্লাল হোসেন (৪০) মসলেম এর ছেলে মো. সালাম হোসেন (৪০) আমবাড়ীয়রা গ্রামের মৃত কোরবান আলীর ছেলে মো. চুন্নু প্রামানিক
(৩৫) ।

নৌকার প্রার্থীর পক্ষের আহতরা হলেন, ধোকড়াকোল গ্রামের মো. মজিবার রহমান এর ছেলে মো. আমিরুল ইসলাম (৩৫) আব্দুল বারেক শেখ এর ছেলে মো. হাসান আলী (২২) । আহতদেরকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে এবং খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে। এ ঘটনায় এলাকায় উভয় পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

স্থানীয়দের বরাত দিয়ে খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আননূর যায়েদ বলেন, সামান্য বিষয় নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। খবর পাওয়ার পর পরই পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। বর্তমানে এলাকায় শান্ত অবস্থায় বিরাজ করছে। এবিষয়ে থানায় লিখিত কোনো অভিযোগ দায়ের করেননি।

উল্লেখ্য, কুষ্টিয়া-৪(কুমারখালী-খোকসা) আসনে আওয়ামী লীগের মনোনিত প্রার্থী বর্তমান সংসদ সদস্য যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ। এবং আওয়ামী লীগ নেতা ও সাবেক সংসদ সদস্য আব্দুর রউফ আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থী হিসেবে